

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

সার্কুলার নম্বর - ০৮

এ,

তারিখঃ ২৫ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ  
০৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ- বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসমূহে দুর্নীতি সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

দুর্নীতি দমন কমিশন আইনের অধীনে আনীত দুর্নীতির মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসমূহ গঠন করা হয়েছে এবং উক্ত আদালত কর্তৃক দুর্নীতি সংক্রান্ত মামলা আমলের গ্রহণের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে বিচার কার্যক্রম সম্পন্ন করার জন্য The Criminal Law Amendment Act, 1958 -এ সুনির্দিষ্ট বিধান রয়েছে।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ জেলার দায়রা/মহানগর দায়রা জজগণ দুর্নীতির মামলা বিচারের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতে প্রেরণ না করে নিজ আদালতে রাখেন বা তাঁর অধীনস্থ অতিরিক্ত দায়রা জজ/যুগ্ম দায়রা জজ আদালতে প্রেরণ করেন। ফলে বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসমূহে দুর্নীতির মামলার স্বল্পতা ঘটে। অধিকন্তু, অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসমূহে দুর্নীতির মামলা আইনে নির্ধারিত সময়ের মধ্যে এবং কাংক্ষিত হারে নিষ্পত্তি হচ্ছে না।

০৩। এমতাবস্থায়, সকল বিজ্ঞ জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ-কে দুর্নীতির মামলাসমূহ দ্রুততর সময়ের মধ্যে বিচার ও নিষ্পত্তির নিমিত্ত বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালত-এ প্রেরণ এবং উক্ত আদালতসমূহকে অগ্রাধিকার ভিত্তিতে ও আইনে নির্ধারিত সময়ের মধ্যে দুর্নীতির মামলা নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য যে, বিজ্ঞ বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজগণের মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক মামলা নিষ্পত্তির পর্যাপ্ততা নির্ধারণের ক্ষেত্রে দুর্নীতির মামলা নিষ্পত্তির সংখ্যা বিশেষভাবে বিবেচনা করা হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

স্বাঃ/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ [registrar\\_hcd@supremecourt.gov.bd](mailto:registrar_hcd@supremecourt.gov.bd)

স্মারক নং-

৭২২৫ (৮)

এ,

তারিখঃ ২/১১/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক (আইন), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
- ০২। জেলা জজ.....(সকল)।
- ০৩। মহানগর দায়রা জজ.....(সকল)।
- ০৪। বিভাগীয় বিশেষ জজ.....(সকল)।
- ০৫। বিশেষ জজ (জেলা জজ).....(সকল)।
- ০৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৭। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষণের জন্য)
- ০৮। মাননীয় রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]



(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

ই-মেইলঃ [aziz\\_dr@supremecourt.gov.bd](mailto:aziz_dr@supremecourt.gov.bd)